গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
ট্যুরিস্ট পুলিশ হেডকোয়ার্টার্স
ফারইস্ট টাওয়ার (৮, ৯ ও ১০)
৩৫, তোপখানা রোড, পুরানা পল্টন, ঢাকা-১০০০
www.tourist.police.gov.bd

স্মারক নং- ৪৪.০১.০০০০.৯৭৬.১৫.০২৬.২৪- ৪১১২ তারিখ- ১১ /০৬/২০২৪ খ্রি.

প্রতি

পুলিশ সুপার
ট্যুরিস্ট পুলিশ, সকল রিজিয়ন।

**বিষয় : আসন্ন পবিত্র ঈদ-উল আযহা/২৪ উপলক্ষ্যে ট্যুরিস্ট পুলিশ সকল রিজিয়নের আওতাধীন পর্যটনস্পট ও তৎসংশ্লিষ্ট স্থাপনাসমূহে নিরাপত্তামূলক ডিউটি প্রোগ্রাম প্রস্তুত করতঃ প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আসন্ন পবিত্র ঈদ-উল আযহা/২৪ চলতি মাসের ১৭ জুন খ্রি. উদযাপিত হবে। ঈদ-উল-আযহা উপলক্ষ্যে ১৪ জুন হতে ১৮ জুন পর্যন্ত ০৫ দিন সরকারী বন্ধ থাকবে। ঈদ পূর্ববর্তী ০৫ (পাঁচ) দিন এবং ঈদ পরবর্তী ১৯/০৬/২০২৪ খ্রি. হতে ২২/০৬/২০২৪ খ্রি. পর্যন্ত ০৪ (চার) দিন আপনার রিজিয়নের পর্যটনস্পট ও তৎসংশ্লিষ্ট স্থাপনাসমূহের পোশাকে ও সাদা পোশাকে নিরাপত্তামূলক ডিউটি প্রোগ্রাম প্রস্তুত করতঃ আগামী ১৩/০৬/২০২৪ খ্রি. পুনঃ ১৩/০৬/২০২৪ খ্রি. মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ এবং ট্যুরিস্ট পুলিশ হেডকোয়ার্টার্সের নিম্নোক্ত নির্দেশনাসমুহ অনুসরণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। এছাড়া উক্ত সময়ে আপনার রিজিয়ন এলাকায় দায়িত্ব পালনকালে কি কি সমস্যার সম্মুখীন হওয়ার সম্ভাবনা রয়েছে এবং তার কি সমাধান করা যায় সে বিষয়টিও তুলে ধরার জন্য অনুরোধ করা হলো।

আগামী ১৪-১৮ জুন ২০২৪ খ্রি. পর্যন্ত 'ঈদ-উল-আযহা' সরকারি ছুটি উদ্‌যাপন উপলক্ষে পর্যটন এলাকার জন্য নিরাপত্তা নির্দেশিকা:

- ঈদ-উল-আযহা উদ্‌যাপন উপলক্ষে ১৪-১৮ জুন ২০২৪ খ্রি. পর্যন্ত মোট ০৫ (পাঁচ) দিন ছুটি থাকার কারণে উল্লেখযোগ্য সকল পর্যটন স্থাপনায় অধিক সংখ্যক পর্যটকের সমাগম ঘটবে। এসময় পর্যটন এলাকায় ওয়াচ টাওয়ার স্থাপন, হেল্পডেস্ক স্থাপন, সমুদ্র সৈকত এলাকায় উদ্ধারকারী কর্তৃপক্ষ এবং প্রয়োজনে ফায়ার সার্ভিসের উদ্ধার তৎপরতার জন্য এ্যাম্বুলেন্সসহ একটি টিম প্রস্তুত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
- কক্সবাজার ও কুয়াকাটা পর্যটকদের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করার জন্য জেলা সিভিল সার্জনের সাথে পত্র বিনিময় করে একটি প্রাথমিক চিকিৎসা সেবা টিম প্রস্তুত রাখার ব্যবস্থা করবেন।
- পানিতে গোসলের সময় পর্যটকদের যাতে কোনরকম হতাহতের ঘটনা না ঘটে সেজন্য সতর্কতা নির্দেশনার জন্য হ্যান্ড মাইক ব্যবহারের ব্যবস্থা রাখতে হবে।
- রিপ কারেন্টে যাতে কোনরকম দূর্ঘটনা না ঘটে সেদিকে লক্ষ্য রাখতে হবে।
- প্রচুর পর্যটক সমাগমে সুযোগসন্ধানী অপরাধীরা যাতে কোনধরণের নাশকতা বা জঙ্গি তৎপরতা চালাতে না পারে সেজন্য পর্যটন এলাকায় দিনে ও রাতে পুলিশ পেট্রোল করাসহ সিসি টিভি মনিটরিং করতে হবে।
- হকারদের উৎপাত বন্ধ করতে হবে।
- হোটেল-মোটেল ও রিসোর্টগুলিতে সিনিয়র অফিসারকে সরজমিনে মনিটরিং অব্যাহত রাখবে।

- যে সকল হোটেল, মোটেল, রিসোর্ট এ স্যুইমিংপুল আছে সেগুলোতে যথাযথ নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
- স্থানীয় স্টেকহোল্ডার ও সরকারি সংস্থার সাথে সমন্বয় করে দ্রুত যেকোন উদ্ভূত পরিস্থিতি সামাল দিতে হবে।
- ট্যুরিস্ট পুলিশ হেল্প লাইন নম্বর ০১৩২০-২২২২২২ ও ০১৮৮৭-৮৭৮৭৮৭ সকল পর্যটন এলাকায় পর্যটকদের দৃষ্টিগ্রাহ্য স্থানে স্থাপন করতে হবে।
- সাদা পোশাকে অফিসার ও ফোর্স মোতায়েন করতে হবে।
- সকল পর্যটন এলাকার প্রবেশ পথে পুলিশ চেকপোস্ট স্থাপন করতে হবে।
- কক্সবাজার ও কুয়াকাটাসহ সকল পর্যটন এলাকায় লোক সমাগম নিয়ন্ত্রণ এবং নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে হবে।
- উচ্চস্বরে গাড়ির হর্ণ বাজানো ও বেপরোয়া গতিতে গাড়ি বা মোটর বাইক চালানো থেকে সংশ্লিষ্টদের বিরত রাখতে ব্যারিকেড, জিগজ্যাগ এবং চেকপোস্ট বসাতে হবে।
- জরুরী অবস্থা মোকাবেলার জন্য ফায়ার সার্ভিস, এ্যাম্বুলেন্স, বিদ্যুৎ বিভাগ, ওয়াসা ইত্যাদি সেবা প্রদানকারী সংস্থার সাথে সমন্বয় করা।


(সরদার নূরুল আমিন)
বিপি-৬৯৯৫০৩১১৩২
পুলিশ সুপার (প্লানিং এন্ড অপারেশন)
ট্যুরিস্ট পুলিশ হেডকোয়ার্টার্স
মোবাঃ ০১৩২০-১৫৭৬১৮
Email: sppotp@police.gov.bd


স্মারক নং- ৪৪.০১.০০০০.৯৭৬.১৫.০২৬.২০২৪- তারিখ- /০৬/২০২৪ খ্রি.

<u>অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ</u>

১। ডিআইজি, ট্যুরিস্ট পুলিশ, ঢাকা।
২। অতিঃ ডিআইজি, ট্যুরিস্ট পুলিশ, সকল বিভাগ।
৩। স্টাফ অফিসার টু অতিঃ আইজিপি, ট্যুরিস্ট পুলিশ, বাংলাদেশ (অতিরিক্ত আইজিপি মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪। অফিস কপি।


(সরদার নূরুল আমিন)
বিপি-৬৯৯৫০৩১১৩২
পুলিশ সুপার (প্লানিং এন্ড অপারেশন)
ট্যুরিস্ট পুলিশ হেডকোয়ার্টার্স
মোবাঃ ০১৩২০-১৫৭৬১৮
Email: sppotp@police.gov.bd